



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১৬৯/২০১৯/১১৬৮২

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

গগনপুর ওয়াজেদীয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: গগনপুর, উপজেলা: পত্নীতলা, জেলা: নওগাঁ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ৩০.১০.২০২২ খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে উৎসাহ প্রদানে প্রতিষ্ঠানকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।
২. হিসাব কার্যক্রম ব্যবস্থাপনায় আরো দক্ষ হতে হবে। সকল আয়-ব্যয় যথাসময়ে সম্পন্ন করে অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে। ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে। হিসাব কার্য পরিচালনার জন্য সকল বিল ভাউচারগুলো ধারাবাহিকভাবে সংরক্ষণ করতে হবে।
৩. আইসিটি যন্ত্রপাতির ব্যবহার যথাযথভাবে সংরক্ষণসহ ধারাবাহিকভাবে সকল শিক্ষক ও স্টাফদের ইন হাউস প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. ফাজিল শ্রেণিতে অবশ্যই শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পদক্ষেপসমূহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।
৫. গ্রন্থাগারে রেফারেন্স বই, জার্নাল ও আরো যুগোপযোগী বই ক্রয় করে নিয়মিত শিক্ষার্থীদের ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে।
৬. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা বঙ্গবন্ধু কর্নারকে আরো সমৃদ্ধ করে স্বতন্ত্র কক্ষে স্থানান্তর করতে হবে। বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সংগ্রাম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা করতে হবে
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

গগনপুর ওয়াজেদীয়া ফাজিল মাদ্রাসা


ডাকঘর: গগনপুর, উপজেলা: পত্নীতলা, জেলা: নওগাঁ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১৬৯/২০১৯/১১৬৮২(৫)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, গগনপুর ওয়াজেদীয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: গগনপুর, উপজেলা: পত্নীতলা, জেলা: নওগাঁ।
- ৮। অফিস নথি।



(মো: জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪